অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/27/2025 **গভর্নর ক্যাথি হোকল**

আরো নিরাপদ রাস্তা: গভর্নর হোকল ঘোষণা করলেন যে পুরো স্টেটে গুলির ঘটনা আরো 9 শতাংশ কমেছে এবং স্টেটে রেকর্ড পরিমাণ কম গান ভায়োলেন্স দেখা যাচ্ছে

2024 সালে রেকর্ড কম সংখ্যার গুলির ঘটনার পর, 2025 সালের এপ্রিল পর্যন্ত গত বছরের একই সময়ের তুলনায় গুলির ঘটনা 9 শতাংশ কমেছে এবং গুলির ভিকটিমের সংখ্যা 15 শতাংশ কমেছে

2023 সালের তুলনায় 2024 সালে NYC-এর বাইরে সহিংস অপরাধ কমেছে, এটি পাঁচ দশকের মধ্যে সবথেকে কম পর্যায়ে পৌঁছেছে

2021 সালে গভর্নর অফিস গ্রহণ করার পর থেকে গুলির ঘটনা 50 শতাংশের বেশি কমেছে এবং খুন 30 শতাংশ কমেছে

গভর্নর এমন বাজেট সম্ভব করেছেন যা গান ভায়োলেন্স প্রতিরোধ করার প্রোগ্রামগুলিতে রেকর্ড 347 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে পুরো নিউ ইয়র্ক স্টেটে (New York State) রিপোর্ট করা গান ভায়োলেন্সের সংখ্যা কমে চলেছে, এটি 2006 সালে এই ডেটা ট্র্যাক করা শুরু করার পর থেকে সবথেকে কম পর্যায়ে পৌঁছেছে। স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (Division of Criminal Justice Services, DCJS) প্রকাশিত নতুন পরিসংখ্যানে দেখা যায় যে, স্টেটের Gun Involved Violence Elimination (GIVE) উদ্যোগে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিতে 1 জানুয়ারি, 2025 থেকে 30 এপ্রিল, 2025 পর্যন্ত গত বছরের একই সময়কালের তুলনায় গুলির ঘটনার ভিকটিমের সংখ্যা 15 শতাংশ কমেছে এবং কেউ আহত হয়েছে এমন গুলির ঘটনা 9 শতাংশ কমেছে।

"নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার। দায়িত্ব নেওয়ার পর থেকে আমার অ্যাডমিনিস্ট্রেশন গান ভায়োলেন্স বন্ধ করার জন্য এবং পুরো স্টেটে বন্দুকের কারণে আহত হওয়া ও মারা যাওয়ার সংখ্যা কম করতে গভীর মনোযোগ দিয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের চেষ্টাগুলি কাজ করছে, এবং সকল নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদ থাকে তা নিশ্চিত করার জন্য আমাদের সবথেকে আক্রান্ত কমিউনিটিগুলিতে গান ভায়োলেন্স প্রতিরোধের উদ্যোগগুলিতে আমাদের রেকর্ড পরিমাণ সমর্থন বহাল রাখতে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

নতুন প্রকাশিত ডেটা এসেছে 28টি পুলিশ ডিপার্টমেন্ট থেকে যেগুলি নিউ ইয়র্ক সিটির বাইরে অবস্থিত এবং স্টেটের Gun Involved Violence Elimination উদ্যোগে অংশগ্রহণ করছে। এইসব পুলিশ ডিপার্টমেন্টগুলি আগ্নেয়াস্ত্র দিয়ে করা প্রায় 90 শতাংশ সহিংস অপরাধ রিপোর্টটি করে থাকে এবং 85 শতাংশ সহিংস অপরাধ নিউ ইয়র্ক সিটির বাইরে রিপোর্ট করা হয়ে থাকে। 2021

সালে যখন গভর্নর Hochul (হোকল) দায়িত্ব গ্রহণ করেন তার পর থেকে নিউ ইয়র্কে গুলির ঘটনা 50 শতাংশের বেশি কমেছে এবং খুনের সংখ্যা 30 শতাংশ কমেছে।

2025 সালের জানুয়ারি থেকে এপ্রিল মাসের মধ্যে এই ডিপার্টমেন্টগুলি 156 জন গুলির ভিকটিমের কথা রিপোর্ট করেছে, যা 2024 সালের একই সময়কালের 183 জন থেকে কমেছে; এবং কেউ আহত হয়েছে এমন গুলির ঘটনা 2024 সালের 153টি থেকে কমে 139টি হয়েছে, এই ডেটা হলো স্টেটের সবথেকে আক্রান্ত কমিউনিটিগুলিতে গান ভায়োলেন্স কমানোর জন্য একটি সমন্বিত, ডেটা ব্যবহার করে করা চেষ্টার ফলাফল।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "নিউ ইয়র্কের কৌশল কাজ করছে কারণ এর ভিত্তি হলো ডেটা, এটিকে তহবিল দিয়ে সমর্থন করা হচ্ছে, এবং শক্তিশালী পার্টনারশিপ দিয়ে গঠিত হয়েছে। প্রত্যেক এলাকাকে আরো নিরাপদ রাখার জন্য আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং কমিউনিটির পার্টনারদের প্রয়োজনীয় হাতিয়ার দিয়ে তাদেরকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত।"

ইউনাইটেড স্টেটসের (United States, US) সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (Center for Disease Control, CDC) অনুযায়ী, 2023 সালের তুলনায় 2024 সালে নিউ ইয়র্কে খুনের হার 8 শতাংশ কমে গেছে। মৃত্যুর হারের ডেটাতে দেখা যায় যে সবথেকে ঘনবসতির 15টি স্টেটের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে দ্বিতীয় সর্বনিম্ন হোমিসাইডের হার রয়েছে এবং শীর্ষ 10টি স্টেটের মধ্যে সর্বনিম্ন হোমিসাইডের হার রয়েছে। CDC-এর ডেটা থেকে দেখা যায় যে নিউ ইয়র্কে আগ্নেয়াস্ত্রের কারণে মৃত্যুর হার, যার মধ্যে আগ্নেয়াস্ত্র দিয়ে করা হোমিসাইড, দুর্ঘটনাবশত ডিসচার্জ হওয়া, এবং আত্মহত্যা রয়েছে, দেশের মধ্যে তৃতীয় সর্বনিম্ন, এর থেকে কম হার শুধু ম্যাসাচুসেটস (Massachusetts) এবং নিউ জার্সিতে (New Jersey) রয়েছে।

DCJS-এর থেকে পাওয়া প্রাথমিক পুরো বছরের অপরাধের ডেটাতে দেখা যায় যে, 2023 সালের তুলনায় 2024 সালে পুরো স্টেটে সার্বিক ইনডেক্স অপরাধ 4 শতাংশ কমেছে। নিউ ইয়র্ক সিটির বাইরের 57টি কাউন্টি অপরাধ 8 শতাংশ কমে যাওয়ার এবং সহিংস অপরাধ 5 শতাংশ কম এবং সম্পত্তির অপরাধ 9 শতাংশ কম হওয়ার রিপোর্ট করেছে।

নিউ ইয়র্ক সিটির বাইরের 57টি কাউন্টিতে 2023 সালের তুলনায় 2024 সালে নিচের বিভাগগুলির অপরাধ উল্লেখযোগ্যভাবে কমেছে, এবং ডাকাতি ও চুরি রেকর্ডের সবথেকে কম পর্যায়ে পৌঁছেছে:

- মোটরযান চুরি (-27 শতাংশ)
- ডাকাতি (-11 শতাংশ)
- চুরি (-8 শতাংশ)
- লার্সেনি (-6 শতাংশ)

এই অগ্রগতিকে অগ্রসর করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) সম্প্রতি পাশ করা ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর বাজেট নিউ ইয়র্কের জননিরাপত্তা চেষ্টাকে জোরদার করে, যার মধ্যে আছে:

- গান ভায়োলেন্স প্রতিরোধের প্রোগ্রামগুলির জন্য 347 মিলিয়ন মার্কিন ডলার যা মহামারীর সময়ের সর্বোচ্চ সংখ্যার তুলনায় গান ভায়োলেন্সের সংখ্যা 50 শতাংশের বেশি কম করেছে;
- ডিসকভারি প্রক্রিয়ায় সংশোধন যার উদ্দেশ্য একই ব্যক্তির বার বার অপরাধ করা কমানো এবং সময়মতো ন্যায়বিচার নিশ্চিত করা;
- গৃহ এবং যৌন নির্যাতনের সার্ভাইভারদের জন্য সমর্থন বাড়ানো;
- ট্রানজিটের কর্মী এবং যাত্রীদের জন্য সুরক্ষা বাড়ানো; এবং

- অস্থায়ীভাবে ছয় মাসের জন্য টহলের মাত্রা বাড়িয়ে দিয়ে প্ল্যাটফর্মে পুলিশের উপস্থিতি বাড়াতে নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (New York Police Department, NYPD) সাথে পার্টনারশিপ করার জন্য 77 মিলিয়ন মার্কিন ডলার, এবং অন্যান্য মুখ্য নিরাপত্তা উদ্যোগ।

এছাড়াও বাজেট স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী, কমিউনিটিভিত্তিক সহিংসতা প্রতিরোধ, এবং ভিকটিম সেবাকে সমর্থন করে এমন DCJS উদ্যোগগুলির জন্য তহবিল বহাল রাখা হয়েছে। এছাড়াও DCJS তাদের Statewide Targeted Reductions in Intimate Violence (STRIVE) উদ্যোগের মাধ্যমে দেওয়া তহবিলের প্রথম রাউন্ড সম্পর্কে সম্প্রতি আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং ভিকটিম সেবার পেশাদারদেরকে জানিয়েছে, এটি পুলিশ, প্রসিকিউটর এবং ভিকটিমদের সাহায্য দানকারীদের রিসোর্স দিয়ে থাকে যাতে তারা বেশি চাহিদাসম্পন্ন কমিউনিটিগুলিতে অন্তরঙ্গ পার্টনারের সহিংসতা আরো ভালোভাবে সমাধান করতে পারে।

ডিপার্টমেন্ট অনুযায়ী গুলির ঘটনা, হোমিসাইড এবং ভিকটিম সম্পর্কে বিস্তারিত ডেটা পাওয়া যাবে DCJS স্ট্যাটিস্টিক পেজে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন